আজকের কাগজ

তারিখ ...0 1 NOV. 1992 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৮ ...

09

# কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফলে ভুলের শিকার ৩ ছাত্র-ছাত্রী

চলতি বছর এসএসসি পরীক্ষার কুমিল্লা বোর্ডের রেজাল্ট শীটে মারাত্মক ভুলের শিকার হয়েছে তিনজন ছাত্র-ছাত্রী।

জানা গেছে, ব্রাহ্মণবাড়িয়া সদর থানার বাসুদেব উচ্চ বিদ্যালয়ের ছাত্রী শিরীন আক্তার এবং ছাত্র মোজাম্মেল হক এবার এসএসসি পরীক্ষায় আখাউড়া কেন্দ্র থেকে অংশগ্রহণ করে। তাদের রোল নং যথাক্রমে আখা-৭৮৪১৩ এবং ৭৮৪৩০। বোর্ডের ফলাফল প্রকাশের পর রেজাল্ট শীটে তাদের নাম এবং রোল নম্বর প্রকাশিত না হওয়ায় তাদেরকে অকৃতকার্য হিসেবে দেখানো হয়। অপরদিকে আখাউড়া শহীদ নোয়াব মেমোরিয়াল হাই স্কুলের ছাত্রী মোসাম্মৎ শিরীন আক্তারের বেলায়ও একই ঘটনা ঘটে। কিন্তু সম্প্রতি কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার প্রকাশিত ফলাফলের মার্কশীট স্ব স্ব স্কুলে এসে পৌঁছলে দেখা যায় উল্লেখিত তিনজন ছাত্র-ছাত্রীই ৩য় বিভাগে পাস করেছে। আখাউড়া থেকে কাজল কুমার দাশ।

4